উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের নভেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত (৪১ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৮.১১.২০২২ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরুপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃ নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, রাজবাড়ী সদর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে নভেম্বর/২২ মাস পর্যন্ত অ্যাস্ট্রেজেনিকা, ফাইজার ও সিনোফার্ম ভ্যাকসিন ১ম ডোজ ৩৫৩৯৫১ জন ও ২য় ডোজ ২৭৫৬৬৬ জন ও বুষ্টার ডোজ ১৬১২৩৭ জনকে প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০২	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী
০৩	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, রাজবাড়ী সদর বলেন যে, তার বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর
০৪	উপজেলা মৎস্য বিভাগ	জাটকা সংরক্ষণ অভিযান-২০২২ মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ অনুযায়ী নভেম্বর, ২০২২ হতে জুন পর্যন্ত মোট ৮ মাস জাটকা সংরক্ষণ অভিযান-২০২২ বাস্তবায়ন করা হবে। উক্ত সময়ে জাটকা(২৫ সেমি এর ছোট ইলিশ)আহরণ, বিক্রয়, পরিবহণ, মজুদ ও বিপনন নিষিদ্ধ। এই কার্যক্রম সফল করতে উক্ত সময়ে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করা হবে। অভিযানকে সফল করতে উপজেলা প্রশাসন ও পুলিশ বাহিনীসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সাহায্যের অনুরোধ জানান। এই আইনের আওতায় ইতোমধ্যে গত ২৩.১১.২০২২ তারিখে পদ্মা নদীর কুশেহাটা চর সংলগ্ন একটি অবৈধ বাধ অপসারণ করা হয়েছে। প্রতি বছরের ন্যায় এ বছরও বরাদ্দ পাওয়া গেলে জাটকা আহরণে বিরত থাকা জেলে/মৎস্যজীবী পরিবরকে ভিজিএফ বিতরণ করা হবে। প্রকৃত ইলিশ জেলেরা সকলেই যেন ভিজিএফ পায় সেটা নিশ্চিতকরণে সহযোগিতা করার জন্য রাজবাড়ী পৌরসভা ও সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি জানান মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৫	উপজেলা প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর
০৬	উপজেলা শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৮	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, চলতি মাসে ২০টি প্রতিবন্ধী আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসের বয়স্ক ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ প্রক্রিয়াধীন। মোট বয়স্ক ভাতার অনুমোদিত সংখ্যা ১০,৮২৩ জন, বিতিরণকৃত টাকার পরিমান ১,৬৩,৩৮,০০০/- , অপেক্ষমান ১৪১ জন। টাকার পরিমান ২,১১,৫০০/-। ১৪১ জনের তথ্য চেয়ারম্যানদের নিকট হতে সঠিক সময়ে না আসায় পে রোল পাঠানোর সম্ভব হয়নি। ২০২২-২৩ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসের বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার সংখ্যা ৩,৩৫৯ জন, বিতিরণকৃত টাকার পরিমান ৫০,৩৮,৫০০/-, অপেক্ষমান ১০ জন, টাকার পরিমান ১৫,০০০/-। ২০২২-২৩ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসের প্রতিবন্ধী ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট প্রতিবন্ধী ভাতার সংখ্যা ৫,১৩০ জন, বিতিরণকৃত টাকার পরিমান ১,৩০,৮১,৫০০/-, অপেক্ষমান ০১ জন, টাকার পুরামন ২৫৫০/-। প্রতিবন্ধী ভাতা পাবার জন্য নতুন আবেদন অন লাইনে ৪২৮ জন পাওয়া যায় এবং এর বিপরীতে ২০২২-২৩ অর্থবছরে সবেমাত্র ৩২৬ জনের বরাদ্দ পাওয়া যায়। যা বিতরণ প্রক্রিয়াধীন। ২০২২-২৩ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসের প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির ১ম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির সংখ্যা ৬৭জন, বিতিরণকৃত টাকার পরিমান ১,৫৭,২০০/-, অপেক্ষমান নাই। ২০২২-২৩ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসের অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির ১ম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির সংখ্যা ৭০জন, বিতিরণকৃত টাকার পরিমান ১৬,৬২,০০০/-, অপেক্ষমান নাই। ২০২২-২৩ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসের অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার ১ম কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। মোট অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার সংখ্যা ৮৮ জন, বিতিরণকৃত টাকার পরিমান ১,৩২,০০০/-, অপেক্ষমান নাই। আরএসএস পুন:বিনিয়োগ করা হয় ১৭,৩০,০০০/- এবং আদায়কৃত ১৬,৪৮,২৯৫/-টাকা মাত্র। খানখানাপুর ইউনিয়নের বিভিন্ন ভাতার মৃত ব্যক্তির তালিকা দেয়া হলেও প্রতিস্থাপিত ব্যক্তির যথাযথ তালিকা ইউনিয়ন কমিটি থেকে এখনো প্রেরণ করা হয়নি। সময়মত তালিকা না পাওয়ায় ভাতার অর্থ প্রেরণ ব্যহত হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৯	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, মুজিববর্ষে "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ২য় পর্যায়ে বরাদ্দকৃত ৩০০ টি ঘরের মধ্যে ২৯২ টি গৃহ নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০৮ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। ৩য় পর্যায়ে বরাদ্দকৃত ৭৫ টি ঘরের মধ্যে ৭৫ টি গৃহ নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। ৩য় পর্যায়ে ২য় ধাপে বরাদ্দকৃত ৪৫ টি গৃহ নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। টিআর, কাবিখা ও ৪০ দিনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	গৃহ নির্মাণের কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত গতিতে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী

১০	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ১৩৮৮ মেঃ টন চাউল ও ৩৭৫ মে: টন গম মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। রাজবাড়ী সদর উপজেলায় ভিজিডি, জিআর, ইপি-ওপি, খাদ্যবান্ধব কাবিখা ও শহর ওএমএস কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ১৪টি ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচির অন লাইনে যাচাইকৃত উপকারভোগীদের মধ্যে সেপ্টেম্বর-নভেম্বর/২২ পযন্ত অনলাইন যাচাইকৃত উপকারভোগীদের মধ্যে ৩০ কেজি করে চাল ১৫/- টাকা দরে বিক্রয় কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১১	উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১২	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, অক্টোবর/২০২২ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭৩৩৮৭ জন, মোট গ্রহণকারী ৫৭৪৫৩ জন, গ্রহনকারীর হার ৭৮.২৯%, স্থায়ী পদ্ধতির পুরুষ ০১ জন, মহিলা ১৩ জন। মোট স্থায়ী পদ্ধতি ১৩ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইনজেকশন ১৩৬৪ জন, আইইউডি ১০৭ জন ও ইমপ্লান্ট ১৯০ জন। আশ্রয়ন প্রকল্পে নভেম্বর/২০২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ২৯ জন। সর্বমোট গ্রহনকারী ২৬ জন। গ্রহনকারীর হার ৮৯.৬৫%। নরমাল ডেলিভারি ৮৪ টি। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৩	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বিতরণ ২৮,১৮,৮০০/- টাকা (৩৪ জন), চলতি মাসে বিতরণ ১১,২০,০০০/- টাকা (১৬ জন) ক্রমপুঞ্জিত বিতরণ ৪,৬২,১০,০০০/- টাকা (১২৩৯ জন)। চলতি আদায়ের হার ৯৮%, কিস্তি খেলাপী ১,৬৮,৯০৭/- টাকা, ঋণ খেলাপী ৩,৫৫,১৮১/- টাকা। ২০২২-২০২৩ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষমাত্রা ছিল ০৭ ব্যাচে ২১০ জন, অগ্রগতি ০১ ব্যাচে ৩০ জন, ক্রমঃপুঞ্জিত ৮৪৫৫ জন। আত্নকর্মী লক্ষ্যমাত্রা ৬ জন, অগ্রগতি ২৬ হ্রাস ও ক্রমঃ পঞ্জিত ৩৭৩৬ জন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৪	উপজেলা সমবায় বিভাগ	উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, নভেম্বর/২০২২ মাসে রুপপুর আশ্রয়ন প্রকল্পের আদায়কৃত ঋণের পরিমাণ ১০৭০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৮৫৬/- টাকা, দয়ালনগর নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ১২০৯০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৩০৪০০/- টাকা এবং নাওডুবি নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ২৮৮৪০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৩০৪০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৫	উপজেলা জনস্বাস্থ্য বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে ১ম পর্যায়ে ৩৬৪ টি বিভিন্ন ধরণের নলকূপের মধ্যে ৩৬৪ টি খনন কাজ সম্পূর্ণ হয়েছে, ২য় পর্যায়ে ৩৬৪ টি নলকূপের মধ্যে ২৭৫ টি সম্পূর্ণ হয়েছে এবং ৩য় পর্যায়ে ৩৬৪ টি নলকূপের মধ্যে ২৬৪ টি সম্পূর্ণ হয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ৪র্থ পর্যায়ে ৩৬৪ টি বিভিন্ন ধরণের নলকূপের বরাদ্দ পাওয়া গেছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

	উপজেলা জনস্বাস্থ্য বিভাগ	এন.এন.জি.পি. এস প্রকল্পে আওতায় ০৫ টি ওয়াশ ব্লক নির্মানের কাজ সম্পূর্ণ করে বিদ্যালয় কর্তৃপক্ষকে বুঝিয়ে দেওয়া হয়েছে। জি.পি.এস প্রকল্পে আওতায় ০৫ টি ওয়াশ ব্লক নির্মানের কাজ চলমান রয়েছে। পি.ই.ডি.পি-৪ প্রকল্পে আওতায় ২০ টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।		
১৬	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), রাজবাড়ী সদর উপজেলায় এডিপি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৭	উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগ	উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের নভেম্বর/২০২২ মাসে ঋণ বিতরণ ৩৪.৩৭ লক্ষ টাকা, ঋণ আদায় ৩৫.১৬ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৪.৪৯ লক্ষ টাকা, আদায়ের হার ৯৬% ও সদস্য ভর্তি ২৩ জন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন।	উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৮	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, নভেম্বর/২০২২ মাসে ঋণ বিতরণ, ঋন আদায়, সঞ্চয় আদায় চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন।	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
১৯	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)	০১। সভায় ইউডিএফ জানান যে, (ক) উদয়পুর আইডিয়াল বালিকা বিদ্যালয়ের ওয়াশব্লক (খ) মূলঘর মাধ্যমিক বিদ্যালয়ের ডিজিটাল ক্লাশ নির্মাণ (গ) মাটিপাড়া বাজারে পাবলিক টয়লেট নির্মাণ কাজ এবং রাজবাড়ী সদর উপজেলার বিভিন্ন বাজার ও গুরুত্বপূর্ণ স্থানে সোলার স্ট্রিট লাইট স্থাপনের মাধ্যমে আলোকায়ন কাজ সফলভাবে সমাপ্ত হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স লিটন ট্রেডার্স কর্তৃক যথাক্রমে -১৯০৪৭৫০/- (উনিশ লক্ষ চার হাজার সাতশত পঞ্চাশ টাকা) এবং ১০০৯৮০০/- (দশ লক্ষ নয় হাজার আটশত টাকা) চুড়ান্ত বিলের আবেদন করা হয়েছে। উপজেলা পরিষদেও অনুমোদন সাপেক্ষ্যে পিএমইউতে প্রেরণ করা হবে। ০২। সভায় ইউডিএফ আরো জানান যে, ৫ম পর্যায়ের 'খানগঞ্জ আদিবাসী পল্লীতে নিরাপদ পানি, স্যানিটেশন ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের কাজও চলমান আছে এবং অনুমোদিত ৭টি প্রশিক্ষণের মধ্যে কৃষি (উচ্চফলনশীল সবজি) , প্রাণিসম্পদ (এএমআর), পল্লী উন্নয়ন (হ্যান্ডপেইন্টিং) এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ক চারটি প্রশিক্ষণ সফল ভাবে সমাপ্ত হয়েছে। বাকী ৩ টি প্রশিক্ষণ বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবেই চলছে।	০১। বিল দুটি পিএমইউ তে প্রেরণ এবং চলমান অবকাঠামো প্রকল্পগুলো নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নির্মাণ কাজের গুণগত মান বজায় রাখার অনুরোধ জানানো হয়। ০৩। প্রক্রিয়াধীন প্রশিক্ষণসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী, ইউডিএফ, রাজবাড়ী সদর, রাজবাড়ী

০৪। সভায় রাজবাড়ী সদর উপজেলাধীন ইউনিয়ন সমূহে নিম্নবর্ণিত প্রকল্পগুলো উপজেলা পরিষদের অর্থায়নে বাস্তবায়নের প্রস্তাব করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ পিআইসি কমিটির মাধ্যমে ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

ক্রঃ নং	প্রকল্পের নাম	প্রাক্কলিত মূল্য
০১	রাজবাড়ী সদর উপজেলার বসন্তপুর ইউনিয়নের বিভিন্ন স্থানে টিউবওয়েল স্থাপন	২,০০,০০০/-
০২	রাজবাড়ী সদর উপজেলার মহারাজপুর মোমিন শেখের বাড়ী হতে মহারাজপুর জালাল শেখের বাড়ী পর্যন্ত রাস্তা ইট দ্বারা সোলিং করণ	২,০০,০০০/-

০৫। বিবিধ :

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

উপজেলা পরিষদের মালীর অক্টোবর/২০২২ মাসের বেতন ভাতা বাবদ - ১৭,০৫০/- টাকা

উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর অক্টোবর /২০২২ মাসের বেতন ভাতা বাবদ - ১৭,০৫০/- টাকা

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৬। ক) চেয়ারম্যান, খানগঞ্জ ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান তার ইউনিয়নে নতুন করে চর আবাদী হচ্ছে কিন্তু চাহিদার তুলনায় স্বল্প বীজ পাওয়া যায়। পর্যাপ্ত বীজ সরবরাহের জন্য কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। তিনি তার ইউনিয়নের রাস্তাঘাট সংস্কার ও বাজারে সিসি ক্যামেরা স্থাপনের অনুরোধ জানান।

খ) চেয়ারম্যান, মূলঘর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, ইদগাহ ময়দানের কিছু গাছ অন্যত্র সরানো প্রয়োজন। এছাড়া কর্তনকৃত গাছের মূল্য নির্ধারণে বন বিভাগকে পত্র প্রদানের অনুরোধ জানান।

গ) চেয়ারম্যান, দাদশী ইউনিয়ন পরিষদ জানান কৃষি অফিস হতে সরবরাহকৃত সরিষা বীজ ভাল গজায়নি সরিষার স্থলে ধান বীজ সরবরাহের অনুরোধ জানান।

ঘ) চেয়ারম্যান, শহীদওহাবপুর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান তার ইউনিয়নাধীন রূপপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় নতুন বিল্ডিং নির্মানের জন্য নতুন জায়গা নির্বাচন করা হচ্ছে তিনি বিদ্যালয়ের নিজস্ব জমিতে ভবন নির্মানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

ঙ) বীরমুক্তিযোদ্ধা এম. এ জলিল সভায় জানান এটি বিজয়ের মাস ১২-১৬ তারিখ পর্যন্ত কোন প্রকার মেলা আয়োজন না করার জন্য অনুরোধ জানান। রাজবাড়ীতে ১৬-১৮ তারিখ পর্যন্ত বিজয় দিবস পালিত হবে। বীরনিবাসের কাজ দ্রুত সম্পন্নের অনুরোধ জানান। ওএমএস আটা বিক্রয়ে তদারকী করার অনুরোধ জানান।

জনাব মোঃ রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর প্রধান উপদেষ্টা, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ইউপি চেয়ারম্যানদের উল্লেখযোগ্য বক্তব্য কার্যবিবরণীতে যথাযথভাবে লিপিবদ্ধ করণের অনুরোধ জানান।

সভাপতি বলেন যে, মাননীয় জাতীয় সংসদ সদস্যের সভায় উপস্থিতির বিষয়টি কার্যবিবরণীতে সংযোজনের অনুরোধ জানান। সরিষার বীজ না গজানোর বিষয়টি তদারকী করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। খানগঞ্জ ইউনিয়নের রাস্তা সংস্কারের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। প্রকল্প বাস্তবায়ন অফিসের উপ-সহকারী প্রকৌশলী ও এলজিইডির প্রকৌশলীসহ উপজেলা নির্বাহী অফিসার সহযোগে রাস্তাটি পরিদর্শন সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করবেন বলে জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে, সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ ইমদাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২২-১০২১(৫০) তারিখ : ২৮.১১.২০২২ খ্রিঃ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০ । ....

....

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

২৮/১১/২২

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।